মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার

# জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক: ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৪৩৩৭ তারিখ: ১৪/০৬/২০২১

বিষয়ঃ **নারীর প্রতি বৈষম্যপূর্ণ সুপারিশ কার্যকর না করার এবং নারীর সমঅধিকার ও মর্যাদা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: প্রথম আলো, তারিখ: ১৩/০৬/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৩/০৬/২০২১ তারিখ প্রথম আলো পত্রিকায় **"গার্ড অব অনারে নারী ইউএনওর বিকল্প চায় সংসদীয় কমিটি"** শিরোনামে প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে**,** বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুর পর গার্ড অব অনার দেওয়ার ক্ষেত্রে নারী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) বিকল্প চায় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। কমিটি বিকল্প ব্যক্তি নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রণালয়কে সুপারিশ করেছে। সাধারণত নারীরা জানাজায় অংশ নেন না। এটি নিয়ে সমাজে অনেকে প্রশ্ন তোলেন। তাই বীর মুক্তিযোদ্ধাদের গার্ড অব অনার দেওয়ার ক্ষেত্রে যেখানে নারী ইউএনও আছেন, সেখানে বিকল্প একজন পুরুষ কর্মকর্তা নির্ধারণ করা প্রয়োজন। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা বা এ ধরনের কোনো কর্মকর্তাকে বিকল্প রাখা যেতে পারে মর্মে কমিটি সুপারিশ করে।

০২। প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। কমিশন মনে করে ইউএনও কোন ব্যক্তি নয়। ইউএনও একটি উপজেলায় প্রশাসনকে প্রতিনিধিত্বকারী সর্বোচ্চ পদ। গার্ড অব অনার হচ্ছে একটি রাষ্ট্রীয় আচার। গার্ড অব অনার আর জানাজা এক বিষয় নয়। যেখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-২০ এ -কর্মকে প্রত্যেক নাগরিকের অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে এবং ২৮(১) ও (২) এ স্পষ্ট উল্লেখ আছে- ধর্ম বা নারী পুরুষভেদের কারণে রাষ্ট্র কোন নাগরিকের উপর বৈষম্য করবে না। সেখানে এই ধরনের প্রস্তাবিত সুপারিশ সংবিধান ও নারীর সাম্যের অধিকারের পরিপন্থী মর্মে কমিশন মনে করে। বাংলাদেশ যেখানে নারীর ক্ষমতায়নে বিশ্বে রোল মডেল, ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরামের প্রতিবেদন মতে যেখানে দক্ষিণ এশিয়ার দেশ গুলোর মধ্যে বাংলাদেশ পর পর ৭ বার লিঙ্গ সমতায় ১ম হয়েছে, যেখানে দেশের প্রধানমন্ত্রী, স্পিকার সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদ নারী দ্বারা অলংকৃত সেখানে এই ধরনের সুপারিশ নারীর জন্য অবমাননাকর এবং নারীর অগ্রযাত্রার পরিপন্থী মর্মে কমিশন মনে করে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে নারীর প্রতি বৈষম্যপূর্ণ সুপারিশ কার্যকর না করার জন্য এবং নারীর সমঅধিকার ও মর্যাদা সমুন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

সুস্মিতা পাইক
উপপরিচালক
জাতীয় মানবাধিকার কমিশন

**সচিব**
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)